গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ তারিখঃ ২৩/১২/২০২৫ খ্রি.

## রাজস্ব সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা | : | নভেম্বর/২০২৫ মাসের মাসিক রাজস্ব সভা |
| তারিখ | : | ১৮ ডিসেম্বর, ২০২৫ খ্রি. বৃহস্পতিবার |
| স্থান | : | সম্মেলন কক্ষ-সম্প্রীতি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| অংশগ্রহণকারী | : | কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ |
| সভাপতি | : | জনাব মোঃ মঞ্জুর আলম<br>কর কমিশনার<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে বেলা ১১.০০ ঘটিকায় মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ | দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. | **লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ**<br>ক. ২০২৫-২০২৬ অর্থবছরের নভেম্বর'২৫ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ১৩০৫ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ১১৪৯.১০ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ৯৫৯.১৭ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ১৯.৮০%। যে সকল সার্কেল প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে, সংশ্লিষ্ট সার্কেল কর্মকর্তাগণকে সভায় বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>খ. আয়কর আদায় বৃদ্ধি ও রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে সকল কর্মকর্তা ও কর্মচারীর সক্রিয় ভূমিকা রাখতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ২. | **১৪৭ ধারার কার্যক্রম সংক্রান্তঃ**<br>ক. ১৪৭ ধারায় কার্যক্রমের রিপোর্ট দ্রুততম সময়ে দাখিল করতে হবে। রিপোর্টে উল্লেখিত কর পরিশোধের বিষয়ে দাবী সৃষ্টি করে আইনানুগভাবে দাবীনামা প্রেরণ করতে হবে এবং দাবী আদায়ে তৎপর হতে হবে।<br>খ. যে কোম্পানীতে ১৪৭ ধারার কার্যক্রম গ্রহণ করা হবে সে কোম্পানীর আয়কর নথি সম্পর্কে পূর্ব থেকে স্টাডি করে রাখতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ৩. | **বকেয়া আয়কর আদায়ের তথ্য হালনাগাদ এবং আদায় সংক্রান্তঃ**<br>ক. ইতোপূর্বে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা এবং বিগত ০৩/১২/২০২৫খ্রি. তারিখে অত্র কর অঞ্চলে অনুষ্ঠিত বকেয়া আয়কর হালনাগাদ সংক্রান্ত পর্যালোচনা সভার নির্দেশনা মোতাবেক কর অঞ্চল-৩, চট্টগ্রামের সিংহভাগ বকেয়া আয়করের নথির তথ্য হালনাগাদ করা হয়েছে। তথাপি কোন নথি যেন বাদ না পড়ে তাই সকল সার্কেলের নথিস্থসহ প্রতিটি নথি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে শতভাগ নিশ্চিত হয়ে ৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে কর কমিশনার কার্যালয়ে রিপোর্ট প্রেরণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| | খ. কর অঞ্চল-৩, চট্টগ্রামে অবিতর্কিত বকেয়া আয়কর রয়েছে এরকম শীর্ষ ১০০ জন করদাতার নথির আদায় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপ কর কমিশনার, সদর দপ্তর টেকনিক্যাল এর নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট 'বকেয়া আয়কর আদায় মনিটরিং সেল' গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপ কর কমিশনার সদর দপ্তর টেকনিক্যাল |

| | | |
|---|---|---|
| | গ. অবিতর্কিত বকেয়া আয়কর থেকে সমুদয় বকেয়া আদায় নিশ্চিত করার জন্য সকল আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>ঘ. সার্কেল কর্মকর্তা বকেয়া আয়করের কে কতটি নথির কার্যক্রম সম্পন্ন করবে তা সার্কেলে কর্মরত প্রধান সহকারী থেকে অফিস সহকারী পর্যন্ত প্রত্যেক কর্মচারীকে বন্টন করে দিতে হবে।<br>ঙ. ব্যাংক জব্দের ক্ষেত্রে বাংলাদেশের সকল ব্যাংকে অনলাইনে চিঠি প্রেরণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| | চ. সার্কেল-৬১ এর যতগুলো নথিতে বকেয়া আছে সবগুলোতেই জরিমানার কার্যক্রম গ্রহণ এবং পরবর্তীতে ব্যাংক জব্দের কার্যক্রম গ্রহণের নির্দেশনা দেওয়া হয়।<br>ছ. রাঙ্গামাটি সার্কেলের অধিক্ষেত্রাধীন যতগুলো হোটেল, রেস্টুরেন্ট, রিসোর্ট আছে সবগুলোর তথ্য অতি দ্রুত হালনাগাদ করার জন্য সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শককে নির্দেশ দেওয়া হয়। | সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক সার্কেল-৬১ |
| ৪. | **ননফাইলার কার্যক্রম সংক্রান্ত:**<br>ক. যে সকল সার্কেলে ননফাইলার কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি এবং লোকবল কম আছে সে সকল সার্কেলে অন্য সার্কেলের কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপ কর কমিশনার সদর দপ্তর প্রশাসন |
| ৫. | **বিবিধ:**<br>ক. সকল ব্যাংক জব্দের তালিকা প্রণয়নের জন্য উপ কর কমিশনার, সদর দপ্তর টেকনিক্যালকে নির্দেশ দেওয়া হয়।<br>খ. ব্যাংক জব্দের নির্দেশনা পরিপালন সংক্রান্ত পত্র সকল ব্যাংক ম্যানেজারকে প্রেরণ করতে হবে। | উপ কর কমিশনার সদর দপ্তর টেকনিক্যাল |
| | গ. অনলাইনে দাখিলকৃত চালানসমূহ অবশ্যই ভেরিফাই করতে হবে।<br>ঘ. কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো। | সকল সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |

কর কমিশনার মহোদয়ের নির্দেশনা ও সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার পরামর্শক্রমে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে বকেয়া আয়কর আদায়, কর মামলা নিষ্পত্তি, উৎসে কর কর্তন মনিটরিংসহ অন্যান্য সকল কাজে কর্মোদ্যম বাড়ানোর নির্দেশনা প্রদান করেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ- ২৩.১২.২০২৫

(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ ৩৮২৮ (১-৪) তারিখঃ ২৩/১২/২০২৫ খ্রি.

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম। }.... সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

২৩.১২.২০২৫

(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম